NYC KiDS RiSE™ Save for College Program

বড় কলেজের স্বপ্নগুলির জন্য ছোট ছোট পদক্ষেপ

Save for College Program (সেভ ফর কলেজ প্রোগ্রাম) এবং সরকারী সুবিধা

আপনার NYC স্কলারশিপ অ্যাকাউন্ট

যেহেতু NYC স্কলারশিপ অ্যাকাউন্ট NYC Kids RISE এর মালিকানা ও পরিচালনার অধীন, **তাই NYC স্কলারশিপ অ্যাকাউন্ট এর অর্থ অ্যাকাউন্টে রক্ষিত থাকাকালীন বিদ্যমান বা ভবিষ্যৎ সরকারী সুবিধাগুলিকে প্রভাবিত করবে না।** কোনও শিক্ষার্থীর NYC স্কলারশিপ অ্যাকাউন্ট এ থাকা অর্থ খরচ করলে, সেই শিক্ষার্থী কলেজে যাওয়ার সময় তা কীভাবে তার সরকারী সুবিধাগুলিকে প্রভাবিত করতে পারে, সেই বিষয়ে NYC Kids RISE ভবিষ্যতের বছরগুলিতে আরো তথ্য প্রদান করবে। আরও তথ্যের জন্য, 833-KID-RISE **(833-543-7473)** এ NYC Kids RISE হটলাইনে কল করুন অথবা **nyckidsrise.org** এ যান।

আপনার নিজের কলেজ সেভিংস অ্যাকাউন্ট

কলেজের জন্য সঞ্চয় করার অনেক উপায় আছে এবং অনেকগুলি ভিন্ন ধরনের কলেজ সেভিংস অ্যাকাউন্ট আছে। আপনার সন্তানের স্কলারশিপ অ্যাকাউন্টের সাথে যুক্ত করা যায় এমন দুটি কলেজ সেভিংস অ্যাকাউন্টের বিকল্পের মধ্যে কোনো একটি খোলার জন্য, Save for College Program (সেভ ফর কলেজ প্রোগ্রাম) আপনাকে একটি সুযোগ প্রদান করে।

এই ধরনের অ্যাকাউন্টগুলির প্রতিটি খোলা এবং সেগুলিতে অর্থ জমা দেওয়া কীভাবে সরকারী সুবিধাগুলির জন্য **আপনার** যোগ্যতাকে (অ্যাকাউন্টের মালিক) প্রভাবিত করতে পারে, সেই বিষয়ে এই নথিতে তথ্য আছে। কোনও শিশু যখন কলেজে পৌঁছায় তখন তার নিজের সরকারী সুবিধাগুলির ওপরে সম্ভাব্য প্রভাবটিকে এটি বর্ণনা করে না।

NYC Kids RISE বিনিয়োগ সংক্রান্ত উপদেশ দেয় না বা কোনও নির্দিষ্ট প্রকারের কলেজ সেভিংস অ্যাকাউন্টের সুপারিশ করে না। প্রতিটি পরিবারের আর্থিক পরিস্থিতি ভিন্ন, এবং সঞ্চয় বা বিনিয়োগ করার আগে আপনার নিজের পরিস্থিতি বিবেচনা করা উচিত।

Save for College Program (সেভ ফর কলেজ প্রোগ্রাম) এর মাধ্যমে আপনার জন্য উপলব্ধ কলেজ সেভিংস বিকল্পগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য, nyckidsrise.org/options দেখুন।

সারসংক্ষেপ

কলেজ সেভিংস অ্যাকাউন্ট বিকল্পগুলির মধ্যে যে কোনোটি দ্বারা আপনার পরিবারের সরকারী সুবিধাগুলি কীভাবে প্রভাবিত হতে পারে তা বুঝতে, অনুগ্রহ করে নিচের তথ্য পড়ুন। আরো তথ্যের জন্য কার সঙ্গে যোগাযোগ করতে হয়, তার একটি তালিকাও নিচের টেবিলে আছে। মনে রাখবেন যে সম্পদের সীমার পরিমাণ এবং অন্যান্য নিয়মগুলি সময়ের সাথে পরিবর্তিত হতে পারে। **প্রতিটি সুবিধার জন্য সম্পদের বর্তমান সীমাগুলি সম্পর্কে আরো জানার জন্য, নিচের যোগাযোগের তথ্য ব্যবহার করে বেনিফিটস এজেন্সির সঙ্গে যোগাযোগ করুন।**

NYC স্কলারশিপ অ্যাকাউন্ট বা আপনার নিজের কলেজ সেভিংস অ্যাকাউন্টে অর্থ রাখা বা জমা দেওয়ার নিম্নলিখিত সুবিধাগুলির ওপরে **কোনও প্রভাব পড়বে না** :

- মহিলা, ছোট শিশু ও বাচ্চাদের (Women, Infants, and Children, WIC) (মহিলা, ছোট শিশু ও বাচ্চাদের জন্য বিশেষ সম্পূরক পুষ্টি কর্মসূচি)
- বিনামূল্য ও হ্রাসপ্রাপ্ত মূল্যে দুপুরের খাবার
- Medicare ও Medicare Savings Plus
- সামাজিক সুরক্ষা প্রতিবন্ধকতা বিমা (Social Security Disability Insurance, SSDI)
- স্বল্প উপার্জনকারী বাড়ির শক্তি সহায়তা কর্মসূচি (Low Income Home Energy Assistance Program, LIHEAP)
- শিশুদের স্বাস্থ্য বিমা কর্মসূচি (Children's Health Insurance Program, CHIP)

আপনার নিজের কলেজ সেভিংস অ্যাকাউন্টে অর্থ রাখা বা জমা দেওয়ার নিম্নলিখিত সুবিধাগুলির ওপরে একটি **সম্ভাব্য প্রভাব আছে** :

- নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority, NYCHA) আবাসন
- NYCHA এর অনুচ্ছেদ 8 কর্মসূচি
- সাশ্রয়ী মূল্যের আবাসন (NYC আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগ (NYC Department of Housing Preservation and Development) বা আবাসন উন্নয়ন নিগম (Housing Development Corporation) দ্বারা ভর্তুকিপ্রদত্ত আবাসন)
- Medicaid
- আপৎকালীন LIHEAP
- সরকারী সহায়তা (TANF/অভাবী পরিবারগুলির জন্য অস্থায়ী সহায়তা (Temporary Assistance for Needy Families), নগদ সহায়তা, কল্যাণ, পারিবারিক সহায়তা বা সেফটি নেট অ্যাসিস্টেন্স)
- ফুড স্ট্যাম্প/SNAP

আপনার কোন সুবিধাগুলি নেই কিন্তু আপনি সেগুলির জন্য যোগ্য হতে পারেন তা দেখতে আগ্রহী? https://access/nyc.gov দেখুন।

PubBen_EN
অক্টোবর 2021

মনে রাখবেন যে পরবর্তী পৃষ্ঠাগুলির তথ্য আপনার ও আপনার পরিবারের জন্য পরিবর্তিত হতে পারে, যা নির্ভর করে আপনি বর্তমানে কোনো সুবিধা গ্রহণ করছেন কিনা অথবা আপনি ভবিষ্যতে কোনও সুবিধার জন্য আবেদন করছেন কিনা তার ওপরে।

অতিরিক্ত তথ্যের জন্য অনুগ্রহ করে নিচের চার্টটি দেখুন।

সুবিধা	একটি 529 অ্যাকাউন্টে সঞ্চয় কি এই সুবিধাকে প্রভাবিত করবে?	একটি ব্যাংক সেভিংস অ্যাকাউন্টে সঞ্চয় কি এই সুবিধাকে প্রভাবিত করবে?	সুবিধা সংক্রান্ত সহায়তার জন্য আমি কার সাথে যোগাযোগ করতে পারি?
WIC (মহিলা, ছোট শিশু ও বাচ্চাদের জন্য বিশেষ সম্পূরক পুষ্টি কর্মসূচি)	**না** - WIC এর যোগ্যতা নির্ধারণের জন্য কোনও সম্পদ পরীক্ষা নেই।	**না** - WIC এর যোগ্যতা নির্ধারণের জন্য কোনও সম্পদ পরীক্ষা নেই।	800-522-5006 এ তথ্য হটলাইনে ফোন করুন
বিনামূল্য ও হ্রাসপ্রাপ্ত মূল্যে দুপুরের খাবার	**না**	**না**	NYC সরকারী স্কুলের সকল শিক্ষার্থীর জন্য দুপুরের খাবার বিনামূল্য।
Medicare ও Medicare সেভিংস প্ল্যান	**না** - Medicare কোনও আয় দ্বারা পরীক্ষিত সুবিধা নয় এবং এর জন্য কোনও সম্পদ পরীক্ষা নেই।	**না** - Medicare কোনও আয় দ্বারা পরীক্ষিত সুবিধা নয় এবং এর জন্য কোনও সম্পদ পরীক্ষা নেই।	718-557-1399 এ তথ্য হটলাইনে ফোন করুন
SSDI/প্রতিবন্ধকতা (সামাজিক সুরক্ষা প্রতিবন্ধকতা বিমা)	**না** - SSDI কোনও আয় দ্বারা পরীক্ষিত সুবিধা নয় এবং এর জন্য কোনও সম্পদ পরীক্ষা নেই।	**না** - SSDI কোনও আয় দ্বারা পরীক্ষিত সুবিধা নয় এবং এর জন্য কোনও সম্পদ পরীক্ষা নেই।	আপনার স্থানীয় অফিসের সঙ্গে যোগাযোগ করতে, অনুগ্রহ করে 800-772-1213 এ জাতীয় হটলাইনে যোগাযোগ করুন
স্বল্প উপার্জনকারী বাড়ির শক্তি সহায়তা কর্মসূচি (LIHEAP)	**না** - LIHEAP এর যোগ্যতা নির্ধারণের জন্য কোনও সম্পদ পরীক্ষা নেই।	**না** - LIHEAP এর যোগ্যতা নির্ধারণের জন্য কোনও সম্পদ পরীক্ষা নেই।	HEAP সম্পর্কে কোনো প্রশ্ন থাকলে, 800-692-0557 নম্বরে HEAP ইনফোলাইনে কল করুন, অথবা অপারেটরের সহায়তার জন্য 212-331-3126 এ কল করুন। আপনার তাপের বিল পরিশোধ করতে সমস্যা হলে, অথবা আপনি বাড়িতে আবদ্ধ হলে এবং HEAP এর ক্ষেত্রে সহায়তা প্রয়োজন হলে, 212-331-3150 এ হিট লাইনে ফোন করুন।
আপৎকালীন স্বল্প উপার্জনকারী বাড়ির শক্তি সহায়তা প্রোগ্রাম (LIHEAP)	**সম্ভাব্যরূপে** - এই অ্যাকাউন্টের সঞ্চয়গুলি সম্পদ হিসেবে গণ্য হয় এবং এই সুবিধাকে প্রভাবিত করতে পারে। আপৎকালীন LIHEAP পাওয়ার জন্য, পরিবারগুলিকে $2,000 পর্যন্ত সম্পদের অনুমতি দেওয়া হয় এবং পরিবারের কোনও সদস্য যদি 60 বছরের বেশি বয়সী হন তাহলে $3,000 পর্যন্ত অনুমতি দেওয়া হয়।	**সম্ভাব্যরূপে** - এই অ্যাকাউন্টের সঞ্চয়গুলি সম্পদ হিসেবে গণ্য হয় এবং এই সুবিধাকে প্রভাবিত করতে পারে। আপৎকালীন LIHEAP পাওয়ার জন্য, পরিবারগুলিকে $2,000 পর্যন্ত সম্পদের অনুমতি দেওয়া হয় এবং পরিবারের কোনও সদস্য যদি 60 বছরের বেশি বয়সী হন তাহলে $3,000 পর্যন্ত অনুমতি দেওয়া হয়।	HEAP সম্পর্কে কোনো প্রশ্ন থাকলে, 800-692-0557 নম্বরে HEAP ইনফোলাইনে কল করুন, অথবা অপারেটরের সহায়তার জন্য 212-331-3126 এ কল করুন। আপনার তাপের বিল পরিশোধ করতে সমস্যা হলে, অথবা আপনি বাড়িতে আবদ্ধ হলে এবং HEAP এর ক্ষেত্রে সহায়তা প্রয়োজন হলে, 212-331-3150 এ হিট লাইনে ফোন করুন।
নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের (NYCHA) আবাসন	**না** - 529 অ্যাকাউন্টে সঞ্চয়ের মোট পরিমাণকে গণনা করা হয় ***না।*** 529 অ্যাকাউন্টে উপার্জিত নিজে-রিপোর্ট করা কোনও সুদকে NYCHA আপনার আয় হিসেবে ***গণ্য করবে না।***	**সম্ভাব্যরূপে** - কোনও ব্যাংক অ্যাকাউন্টে সঞ্চয়ের মোট পরিমাণকে গণনা করা হয় ***না।*** তবে, পরম্পরাগত সেভিংস অ্যাকাউন্টে উপার্জিত নিজে-রিপোর্ট করা কোনও সুদকে NYCHA আপনার আয় হিসেবে ***গণ্য করতে পারে।***	NYCHA-এর গ্রাহক যোগাযোগ কেন্দ্রে 718-707-7771 নম্বরে যোগাযোগ করুন

সুবিধা	একটি 529 অ্যাকাউন্টে সঞ্চয় কি এই সুবিধাকে প্রভাবিত করবে?	একটি ব্যাংক সেভিংস অ্যাকাউন্টে সঞ্চয় কি এই সুবিধাকে প্রভাবিত করবে?	সুবিধা সংক্রান্ত সহায়তার জন্য আমি কার সাথে যোগাযোগ করতে পারি?
নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের (NYCHA) অনুচ্ছেদ 8 কর্মসূচি	**না** - 529 অ্যাকাউন্টে সঞ্চয়ের মোট পরিমাণকে গণনা করা হয় ***না।*** 529 অ্যাকাউন্টে উপার্জিত নিজে-রিপোর্ট করা কোনও সুদকে NYCHA আপনার আয় হিসেবে ***গণ্য করবে না।***	**সম্ভাব্যরূপে** - কোনও ব্যাংক অ্যাকাউন্টে সঞ্চয়ের মোট পরিমাণকে গণনা করা হয় ***না।*** তবে, পরম্পরাগত সেভিংস অ্যাকাউন্টে উপার্জিত নিজে-রিপোর্ট করা কোনও সুদকে NYCHA আপনার আয় হিসেবে ***গণ্য করতে পারে।***	NYCHA-এর গ্রাহক যোগাযোগ কেন্দ্রে 718-707-7771 নম্বরে যোগাযোগ করুন
সাশ্রয়ী মূল্যের আবাসন (NYC আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগ (NYC Department of Housing Preservation and Development) বা আবাসন উন্নয়ন নিগম (Housing Development Corporation) দ্বারা ভর্তুকিপ্রদত্ত আবাসন)	**সম্ভাব্যরূপে** - 529 অ্যাকাউন্টের ব্যালেন্স সম্পদের সীমার মধ্যে গণ্য হয় না। (এটা লক্ষ্য করা গুরুত্বপূর্ণ যে 529 অ্যাকাউন্টের সঞ্চয়গুলি সম্পদের সীমার মধ্যে গণ্য হয় না, অথচ ব্যাংক অ্যাকাউন্টের সঞ্চয়গুলি গণ্য হয়।) তবে, আপনার 529 অ্যাকাউন্টে উপার্জিত কোনও সুদ আপনার আয় গণনা করার জন্য বিবেচিত হয় না। যদি আপনার সব সম্পত্তির[1] মূল্য $5,000 এর কম হয়, তাহলে সেগুলি থেকে উপার্জিত সুদকে আপনার আয়ে গণনা করা হয়। যদি আপনার সব সম্পত্তির মূল্য $5,000 এর বেশি হয়, তাহলে সেখান থেকে উপার্জিত সুদ অথবা সেগুলির মূল্যের 0.06% এর মধ্যে যেটি অধিকতর সেটি আপনার আয়ের সঙ্গে যোগ করা হয়।	**সম্ভাব্যরূপে** - কোনও ব্যাংক অ্যাকাউন্টের সঞ্চয়গুলি সাশ্রয়ী মূল্যের আবাসনের জন্য আপনার যোগ্যতাকে দু'ভাবে প্রভাবিত করতে পারে। সেভিংস অ্যাকাউন্টের মোট মূল্যকে প্রযোজ্য সম্পদের সীমার মধ্যে গণনা করা হবে। বৈশিষ্ট্যমূলকভাবে, সম্পদের সীমাটি আপনার মোট পারিবারিক আয়ের প্রায় এক বছরের সমান। এছাড়াও, যদি আপনার সব সম্পত্তির মূল্য $5,000 এর কম হয়, তাহলে সেগুলি থেকে উপার্জিত সুদকে আপনার আয়ে গণনা করা হয়। যদি আপনার সব সম্পত্তির মূল্য $5,000 এর বেশি হয়, তাহলে সেখান থেকে উপার্জিত সুদ অথবা সেগুলির মূল্যের 0.06% এর মধ্যে যেটি অধিকতর সেটি আপনার আয়ের সঙ্গে যোগ করা হয়।	NYC হাউসিং কানেক্ট 212-863-7990
নিউ ইয়র্কের শিশুদের স্বাস্থ্য বিমা কর্মসূচি (CHIP), চাইল্ড হেলথ প্লাস (CHPlus)	**না** - CHPlus এর যোগ্যতা নির্ধারণের জন্য কোনও সম্পদ পরীক্ষা নেই।	**না** - CHPlus এর যোগ্যতা নির্ধারণের জন্য কোনও সম্পদ পরীক্ষা নেই।	চাইল্ড হেলথ প্লাস তথ্য লাইন: 800-698-4543 877-898-5849 TTY
Medicaid	**সম্ভাব্যরূপে** - শিশু, নির্ভরশীল সন্তান থাকা পিতামাতা, বা গর্ভবতী গ্রাহকদের (MAGI গোষ্ঠী) জন্য Medicaid এর কোনও সম্পদের সীমা নেই। অন্ধ, অক্ষম অথবা 65 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের (নন-MAGI) জন্য সম্পদের সীমা আছে। কিছু নির্দিষ্ট নন-MAGI গোষ্ঠী সম্পদের পরীক্ষা থেকে অব্যাহতিপ্রাপ্ত (যেমন 21 বছরের কম ADC-সম্পর্কিত)। এই সম্পদের পরীক্ষাটি যোগ্যতার শ্রেণীবিভাগ ও পরিবারের আকারের ওপরে নির্ভর করে ভিন্ন হয়।	**সম্ভাব্যরূপে** - পিতামাতা ও গর্ভবতী গ্রাহকদের জন্য Medicaid এর কোনও সম্পদের সীমা নেই। অন্ধ, অক্ষম অথবা 65 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের জন্য সম্পদের সীমা আছে। লুক-ব্যাক সময়কালে (Medicaid আবেদনের আগের পাঁচ বছর) টাকা তুলে নিলে Medicaid এর অর্থপ্রদান বিতরণে দেরি হতে পারে। Medicaid এর জন্য যোগ্য হওয়ার আগে, প্রথমে এই অ্যাকাউন্টের বাড়তি অর্থ খরচ করার প্রয়োজন হতে পারে।	অন্ধ, প্রতিবন্ধী অথবা 65 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের জন্য এবং যারা HRA নগদ সহায়তা কর্মসূচির মাধ্যমে তাদের Medicaid পান তাদের জন্য: Medicaid হেল্পলাইন 888-692-6116 NYS হেলথ এক্সচেঞ্জ ক্লায়েন্টদের জন্য: NYS স্বাস্থ্য বিভাগ (Department of Health) 855-355-5777 800-662-1220 (TTY)

সুবিধা	একটি 529 অ্যাকাউন্টে সঞ্চয় কি এই সুবিধাকে প্রভাবিত করবে?	একটি ব্যাংক সেভিংস অ্যাকাউন্টে সঞ্চয় কি এই সুবিধাকে প্রভাবিত করবে?	সুবিধা সংক্রান্ত সহায়তার জন্য আমি কার সাথে যোগাযোগ করতে পারি?
Medicaid (চলছে)	লুক-ব্যাক সময়কালে (Medicaid আবেদনের আগের পাঁচ বছর) টাকা তুলে নিলে Medicaid এর অর্থপ্রদান বিতরণে দেরি হতে পারে। Medicaid এর জন্য যোগ্য হওয়ার আগে, প্রথমে এই অ্যাকাউন্টের বাড়তি অর্থ খরচ করার প্রয়োজন হতে পারে।		অন্ধ, প্রতিবন্ধী অথবা 65 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের জন্য এবং যারা HRA নগদ সহায়তা কর্মসূচির মাধ্যমে তাদের Medicaid পান তাদের জন্য: Medicaid হেল্পলাইন 888-692-6116 NYS হেলথ এক্সচেঞ্জ ক্লায়েন্টদের জন্য: NYS স্বাস্থ্য বিভাগ (Department of Health) 855-355-5777 800-662-1220 (TTY)
ফুড স্ট্যাম্প/SNAP	**না** - 529 অ্যাকাউন্টের তহবিলগুলি সম্পদের সীমা পরীক্ষার উদ্দেশ্যে গণনা থেকে অব্যাহতিপ্রাপ্ত।	**সম্ভবত নয়** - যেহেতু SNAP পরিবারের শুধুমাত্র একটি ছোট শতাংশই সম্পদের পরীক্ষার অধীনে আছে, তাই সেভিংস অ্যাকাউন্ট থাকলে SNAP পরিবারের বিশাল সংখ্যাগরিষ্ঠের জন্য SNAP সুবিধার যোগ্যতা বা সুবিধার মাত্রা প্রভাবিত হবে না।	NYC এর জন্য ফুড ব্যাংক SNAP সুবিধার হেল্পলাইন 212-894-8060
সরকারী সহায়তা (অভাবী পরিবারগুলির জন্য অস্থায়ী সহায়তা/TANF, নগদ সহায়তা, কল্যাণ, পারিবারিক সহায়তা বা সেফটি নেট অ্যাসিস্টেন্স)	**না** - যেহেতু শিক্ষামূলক প্রয়োজনগুলির জন্য অর্থপ্রদানের একমাত্র উদ্দেশ্যে এই অ্যাকাউন্টটি খোলা হয়েছে, এবং অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা যায় না, তাই তহবিলগুলিকে সম্পদের সীমা পরীক্ষা থেকে অব্যাহতি দেওয়া হয়।	**সম্ভাব্যরূপে** - শুধুমাত্র একটি দুই-বছর বা চার-বছরের কলেজে টিউশনের জন্য নিয়োজিত একটি পৃথক সেভিংস অ্যাকাউন্টে পরিবারগুলিকে $1,400 পর্যন্ত রাখার অনুমতি দেওয়া হয়, তহবিলগুলিকে সম্পদের সীমা পরীক্ষার জন্য গণনা করা ছাড়াই। যদি সঞ্চয়গুলি অন্যান্য উদ্দেশ্যে ব্যবহৃত হয়, তাহলে অ্যাকাউন্টের পূর্ণ পরিমাণটি সম্পদ পরীক্ষার জন্য গণ্য হবে এবং তা সুবিধাগুলিকে প্রভাবিত করতে পারে।[3]	মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration, HRA) হেল্পলাইন 718-557-1399
সম্পূরক সুরক্ষা আয় (Supplemental Security Income, SSI) অনুগ্রহ করে মনে রাখুন: 18 বছরের কম বয়সী শিশু নিজে থেকে SSDI পেতে পারে না। এটিকে একটি সহায়ক সুবিধা হিসেবে বিবেচনা করা হবে। একটি সহায়ক সুবিধা বলতে বোঝায় যে বর্তমানে SSDI সুবিধা পান বা অবসর নিয়েছেন এমন একজন বেতন উপার্জনকারীর অপ্রাপ্তবয়স্ক সন্তান এই ধরনের সুবিধা পাওয়ার অধিকারী হবে।	**হ্যাঁ** - এই অ্যাকাউন্টে সঞ্চয়গুলি সম্পদ হিসেবে গণ্য হয় এবং যোগ্যতাকে প্রভাবিত করতে পারে। SSI পাওয়ার জন্য ব্যক্তিদের প্রতি মাসে সম্পদ হিসেবে $2,000 পর্যন্ত এবং দম্পতির ক্ষেত্রে প্রতি মাসে সম্পদ হিসেবে $3,000 পর্যন্ত অনুমতি দেওয়া হয়, যদি না অর্থটি একটি ABLE অ্যাকাউন্ট এ বিনিয়োগ করা হয়।[4]	**হ্যাঁ** - এই অ্যাকাউন্টে সঞ্চয়গুলি সম্পদ হিসেবে গণ্য হয় এবং যোগ্যতাকে প্রভাবিত করতে পারে। SSI পাওয়ার জন্য ব্যক্তিদের প্রতি মাসে সম্পদ হিসেবে $2,000 পর্যন্ত এবং দম্পতির ক্ষেত্রে প্রতি মাসে সম্পদ হিসেবে $3,000 পর্যন্ত অনুমতি দেওয়া হয়।	আপনার স্থানীয় অফিসের সঙ্গে যোগাযোগ করতে, অনুগ্রহ করে 800-772-1213 এ জাতীয় হটলাইনে যোগাযোগ করুন

[1] এর অন্তর্ভুক্ত হল এই অ্যাকাউন্টের সমস্ত অর্থ এবং অন্য যে কোনো সঞ্চয় বা সম্পত্তি যা আপনার থাকতে পারে।
[2] এর অন্তর্ভুক্ত হল এই অ্যাকাউন্টের সমস্ত অর্থ এবং অন্য যে কোনো সঞ্চয় বা সম্পত্তি যা আপনার থাকতে পারে।
[3] যে পরিবারগুলি পূর্বে সরকারী সহায়তা পেয়েছিলেন, যাদের কোনও সঞ্চয় আছে তা টিউশনের জন্য হোক বা না হোক, এবং পুনরায় আবেদন করছেন তারা সহ, যে পরিবারগুলি সরকারী সহায়তার জন্য আবেদন করছে, তাদের একটি সম্পদ পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। আপনার যদি $2,000 এর বেশি সম্পত্তি থাকে (অথবা 60 বছর বা তার বেশি বয়সী কারো ক্ষেত্রে $3,000), তাহলে আপনি সরকারী সহায়তার জন্য যোগ্য হতে পারেন না।
[4] ABLE অ্যাকাউন্টগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য https://www.ablenrc.org/what-is-able/what-are-able-acounts/দেখুন